

ওয়াশিংটন ডিসিতে 'পাসপোর্ট ডিসি'স অ্যাশ্বাসি ট্যুর

- A Monitor Desk Report

Date: 05 May, 2025



ঢাকাঃ ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসে পাসপোর্ট ডিসি'স অ্যাশ্বাসি ট্যুরের অংশ হিসেবে 'ওপেন হাউস' অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শনিবার (৩ মে) আয়োজিত এ অনুষ্ঠান উপভোগ করতে বিভিন্ন দেশের প্রায় ৩ হাজার দর্শক বাংলাদেশ দূতাবাসে উপস্থিত হন বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

পাসপোর্ট ডিসি হলো-ওয়াশিংটন ডিসিতে বিভিন্ন দেশের দূতাবাসগুলোর সংস্কৃতি, ঐতিহ্য, শিল্প ও জীবনধারা প্রদর্শন বিষয়ক একটি অনুষ্ঠান।

এ উপলক্ষে দূতাবাসের অডিটোরিয়ামে জামদানি ও টাঞ্জাইল শাড়িসহ বাংলাদেশের ঐতিহ্যবাহী কয়েকটি হস্তশিল্পের স্টল স্থাপন করা হয়।

দূতাবাসের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, দর্শনার্থীরা পোস্টার, লিফলেট ও বই সংগ্রহ করেন। এসবে বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস, মহান ভাষা আন্দোলন ও দেশের সমৃদ্ধ সংস্কৃতি, ঐতিহ্য এবং দর্শনীয় পর্যটন স্থানগুলোকে তুলে ধরা হয়।

এ সময় দূতাবাসের কর্মকর্তা ও কর্মচারী এবং তাদের সন্তানরা দেশাত্ববোধক গান ও নৃত্য পরিবেশন করেন।

অনুষ্ঠানে অতিথিদের জন্য ঐতিহ্যবাহী বাংলাদেশি খাবার প্রদর্শন ও পরিবেশন করা হয়।

-B